



KATWA COLLEGE

(Affiliated to the University of Burdwan)

P.O.: Katwa, Dist.: Purba Bardhaman, West Bengal, 713130, India

Ref:

Date- 04.9.2021

বিজ্ঞপ্তি

সেমেষ্টার ২ র পরীক্ষার্থীদের জন্য

- ২০২১ সালের সেমেষ্টার ২ র বি. এ. / বি. এসসি. / বি. কম. অনার্স ও জেনারেল ছাত্র - ছাত্রীদের **AECC2** বাংলা ও ইংরাজী পেপারের অভ্যন্তরীণ পরীক্ষা আগামী ১১. ৯. ২০২১ (শনিবার) বেলা ১১ টায় অনলাইন মোডে হবে। পরীক্ষার্থীরা ঘরে বসে কলেজ ওয়েবসাইট এর মাধ্যমে প্রশ্নপত্র দেখতে পারবে, উত্তর লিখবে এবং নির্দিষ্ট ই-মেল আইডিতে উত্তরপত্র পাঠাবে।
২. প্রত্যেক পরীক্ষার্থীর সাধারণভাবে নিজস্ব ই-মেল আইডি ব্যবহার করা বাঞ্ছনীয় যেটা থেকে নির্দিষ্ট ইমেল আইডিতে তারা উত্তরপত্র প্রেরণ করবে।
৩. উত্তরপত্রের প্রথম পাতা কলেজ ওয়েবসাইটে উপলব্ধ হবে, তার প্রিন্ট - আউট/ফটোকপি প্রতিটি পত্রের উত্তরের প্রথম পাতা হিসাবে ব্যবহার করতে হবে। পরীক্ষার্থীর রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, কোর্স/পত্র ও বিষয় অত্যন্ত সাবধানতার সঙ্গে নির্ভুলভাবে পূরণ করতে হবে। প্রথম পাতা সম্পূর্ণভাবে পূরণ করা না থাকলে উত্তরপত্র অসম্পূর্ণ ধরে নিয়ে তাকে বাতিল করা হবে।
৪. পরীক্ষার প্রশ্ন ১০ নম্বরের এবং সময়সীমা ১ ঘন্টা হবে। পরীক্ষার্থীরা কলেজ ওয়েবসাইট থেকে পরীক্ষার নির্দিষ্ট সময়ের পূর্বে আধ ঘন্টা সময় পাবে প্রশ্নপত্র ডাউনলোড করার জন্য এবং পরীক্ষার পর আধ ঘন্টা পাবে উত্তর পত্রের PDF FILE বানানো ও তা পাঠানোর জন্য।
৫. পরীক্ষার্থীদের নিজের হাতে লেখা উত্তরপত্র একটি PDF FILE বানিয়ে সেটিকে নির্ধারিত ই-মেল আইডিতে নির্দিষ্ট সময়ের মধ্যে পাঠাতে হবে। PDF এ প্রথমেই

সামনের পাতা ও তারপর পৃষ্ঠা গুলো ক্রমানুযায়ী সাজানো থাকবে। অন্ধ - বিকলাঙ্গ পরীক্ষার্থীরা কলেজের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কাছে অনুলেখকের জন্য অনুমতি নিতে পারে। উত্তরপত্র পাঠানোর সময়ে সঠিক ই-মেল আইডি টাইপ করার সময় অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হবে। বিগত পরীক্ষার অভিজ্ঞতায় দেখা গেছে যে শুধুমাত্র ইমেল আইডি ভুল টাইপ করার জন্য উত্তরপত্র কলেজ নির্ধারিত ইমেল আইডিতে পৌঁছায়নি। ইমেল পাঠানোর পর Sent Box চেক করে দেখে নিতে হবে।

৬. উত্তর পত্রের প্রতি পাতায় পৃষ্ঠা সংখ্যা উল্লেখ করতে হবে। সেগুলিকে ক্রমানুযায়ী সাজিয়ে স্ক্যান / ছবি করে একটি PDF FILE তৈরী করতে হবে। PDF Documents এর নাম হবে পরীক্ষার্থীর ROLL NO এবং সেটিকে Mail Attachment রূপে নির্দিষ্ট মেল আইডিতে পাঠাতে হবে। মেল এর Subject হিসাবে পরীক্ষার্থীর ROLL NO লিখতে হবে।

৭. পরীক্ষার পবিত্রতা রক্ষা এবং নিয়মপালন সংক্রান্ত প্রতিশ্রুতিহিসাবে পরীক্ষার্থীদের প্রথম পাতায় স্বাক্ষর করতে হবে। উত্তরপত্র প্রেরণের মেল এর Screenshot পরীক্ষার্থীদের রাখতে হবে। যান্ত্রিক কারণে মেল পরে পৌঁছলে প্রেরণের সঠিক সময়ের প্রমাণ হিসাবে ঐ Screenshot কাজ করবে।

সকল পরীক্ষার্থীদের কেবলমাত্র (অনলাইন) ইমেল দ্বারাই উত্তরপত্র প্রেরণ করতে হবে।

অধ্যক্ষ

কাটোয়া কলেজ